

সুপ্রিম কোর্টে বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া

কায়সার আহমেদ: সংগঠনের প্রাথমিক সদস্যপদ থেকে বহিকৃত সদস্য ও প্রাক্তন সাধারণ সম্পাদক মোঃ আতাউর রহমান খান (লেমন) অস্ট্রেলিয়া সুপ্রিম কোর্টের দরজায় নিলেন বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার সভাপতি জনাব ফারুক আহমেদ খানকে।

সংগঠনের প্রাক্তন সভাপতি জনাব একেএম শামসুজ্জামানের ফেয়ার ট্রেডিংএ অবৈধভাবে কাগজপত্র জমা দেয়ার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের উদ্দেশ্যে আগামী ২০শে মে ২০০৭ তারিখে আন্তর্ভুক্ত বিশেষ সাধারণ সভা ও ১০ই জুন ২০০৭ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের উপর স্থগিতাদেশ চেয়ে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেন।

মামলার বিবরনে প্রকাশ জনাব লেমন নিজেকে সংগঠনের সাধারণ সম্পাদক এবং বৈধ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি হিসেবে মামলার আর্জিতে উল্লেখ করেন। তিনি বাংলাদেশ এসোসিয়েশনকে বাদী করে সভাপতি ফারুক আহমেদ খান, নির্বাচন কমিশনার ওয়ালিউর রহমান টুনু ও বর্তমান সাধারণ সম্পাদক মোঃ আলাউদ্দিন অলোককে বিবাদী করেন। বাদী লেমনের পক্ষে মামলাটি পরিচালনা করেন ব্যারিস্টার সলিসিটর মোঃ সিরাজুল হক এবং বিবাদগন নিজেরাই নিজ মামলার প্রতিনিধিত্ব করেন।

বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার সভাপতি ফারুক খান তার বক্তব্যে দাবী করেন যে জনাব লেমন বর্তমানে সংগঠনের সদস্য নন এবং তিনি কোনভাবেই সংগঠনের প্রতিনিধিত্ব করার অধিকার রাখেন না। দুপক্ষের বক্তব্যে মহামান্য বিচারক মামলাটিকে একটি “ব্যাড প্রেস্টিস” বলে ক্ষেত্র প্রকাশ করেন এবং এসোসিয়েশনের সংবিধানের সুত্র ধরে সভাপতিকে সংগঠনের বৈধ প্রতিনিধি হিসেবে উল্লেখ করেন। মামলার খরচের সকল ব্যয়ভার বাদী পক্ষের উকিলের আইনী প্রতিষ্ঠানকে পরিশোধের নির্দেশ প্রদান করে মামলাটি খারিজ করে দেন।



বাম থেকেঃ ওয়ালিউর রহমান, আলাউদ্দিন অলোক, ফারুক আহমেদ খান, গামা আব্দুল কাদির ও ডঃ মুখলেসুর রহমান

মামলা শেষে কোর্ট থেকে বের হয়ে আসলে সভাপতি ফারুক খান বলেন অশুভ শক্তির পরাজয় ও সত্ত্বের জয় হয়েছে। ফারুক খানের সাথে কোর্টে উপস্থিত ছিলেন জনাব ওয়ালিউর রহমান, মোঃ আলাউদ্দিন অলোক, গামা কাদির ও ডঃ এফএম মুখলেসুর রহমান।